

الْمُؤْمِنِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ৭ম নাম ‘আল মু’মিন’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْمُؤْمِنِ’ শব্দের মূল হামজা-মিম-নুন। এই মূল শব্দ থেকে যে সমস্ত শব্দ বের হয়েছে তা পবিত্র কোরআন মাজিদে ৮৭৯ বার এসেছে। এবং এই সমস্ত অর্থে ব্যবহৃত হয়েছে: বিশ্বাস করা, ঈমান আনা, বিশ্বাসী, বিশ্বস্ততা-বিশ্বস্ত, ভয়মুক্ত ও নিরাপদ হওয়া, শান্তি-প্রশান্তি, নিরাপত্তা এবং নিরাপত্তা দান করা।

আল্লাহ আল মু’মিন অর্থ একমাত্র শান্তি দানকারী।

পবিত্র কুরআন মজিদে ইরশাদ হচ্ছে:

هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ ﴿٢٣﴾

সূরা আল হাশর ২৩ নং আয়াত -

তিনিই আল্লাহ, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই, তিনিই সর্বভৌম সম্রাট, তিনি সব দ্রুটি থেকে পবিত্র। তিনি শান্তিদাতা, তিনি নিরাপত্তা দাতা।

مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ خَيْرٌ مِّنْهَا وَهُمْ مِّنْ فَرْعٍ يَوْمَئِذٍ آمِنُونَ ﴿٨٩﴾

সূরা আল নামল ৮৯ নং আয়াত -

যে ভাল কাজ নিয়ে আসবে, সে পাবে তার চাইতে উত্তম প্রতিফল। তারা সেদিনকার শঙ্কা থেকে থাকবে মুক্ত।

وَأَمَّنْهُمْ مِّنْ خَوْفٍ ﴿٤﴾

সূরা কুরাইশ ৪ নং আয়াত -

এবং তাদের নিরাপদ করেছেন ভয়-ভীতি থেকে।

ইবনে মাজাহ ও আবু দাউদের হাদিস:

রাসুল সাঃ সকাল-বিকাল দোয়া করতেন -

اللَّهُمَّ اسْتُرْ عَوْرَتِي وَأْمِنْ رَوْعَتِي

হে আল্লাহ আমার ক্রটিগুলো ঢেকে রাখো এবং ভয় থেকে আমাকে নিরাপত্তা দান করো।

আল্লাহ আল-মু'মিন ছাড়া কেউ আমাদেরকে নিরাপত্তা দান করতে পারবে না। সুতরাং আসুন আমরা আল্লাহ আল মুমিনের কাছে নিরাপত্তার জন্য প্রার্থনা করি।

শিরক আল্লাহর সাথে কাউকে অংশীদার বানানো কঠিন পাপকাজ। আল্লাহ শিরকের অপরাধ ক্ষমা করবেন না।

আল্লাহ আমাদের সাহায্য হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা